গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
www.mole.gov.bd
পরিকল্পনা-৪ শাখা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অক্টোবর, ২০২১ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বেগম মন্নুজান সুফিয়ান<br>প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ২৪ নভেম্বর, ২০২১ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। তিনি চলমান এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সমাপ্ত করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি কয়েকটি সমাপ্ত প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য প্রস্তুত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। তিনি যথাযথ পর্যালোচনার জন্য এডিপি পর্যালোচনা সভা নিয়মমত প্রতি মাসে আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৯টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৭টি বিনিয়োগ ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১৮০৭৩.০০ লক্ষ (জিওবি ১২৩৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৭২৩.৯৯ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। এডিপি বরাদ্দের বিপরীতে অক্টোবর, ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ২১৬৫.৪ লক্ষ (জিওবি ৯৫৪.১৭ লক্ষ ও প্রকল্প সাহায্য ১২১১.২৩ লক্ষ) টাকা, যা বরাদ্দের ১১.৯৮ % (জিওবি ৭.৭২% ও প্রকল্প সাহায্য ২১.৬৩%)। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী দপ্তরভিত্তিক প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

**০২. গত সভার এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

সভায় গত ৩১/১০/২০২১ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০২১ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং এতে কোন মন্তব্য বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয়।

**০৩. প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি:**

**(ক) আলোচনা:** সভায় মন্ত্রণালয়ের চলমান প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি পর্যালোচনা করা হয় :

১. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন বাংলাদেশে ঝুকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্পটি জানুয়ারি, ২০১৮ হতে ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অনুকূলে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১৪৯৫.০০ লক্ষ টাকা অর্থছাড় ও ১.৩২ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ০.৪৪%। প্রকল্পটির অক্টোবর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২০০.১১ লক্ষ টাকা এবং প্রকল্পটির ভৌত অগ্রগতি ৮%। আলোচ্য প্রকল্পেটির আইবাস ++ সফটওয়্যারে তথ্য হালনাগাদ করা নেই। যা হালনাগাদ করা প্রয়োজন। প্রকল্পের আওতায় ১১২ টি এনজিও কর্তৃক ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুর সংখ্যা নিরুপনে জরিপ কাজ চলমান রয়েছে। জরিপ কাজ শেষে প্রকল্পের মূল কাজ শিশুদের ০৬ মাসব্যাপী উপ-আনুষ্ঠানিক শিক্ষা এবং ০৪ মাসব্যাপী দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ কাজ শুরু হবে। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় জনবল নিয়োগ প্রক্রিয়া চলমান আছে, আগামী ১০/১২/২০২১ তারিখে জনবল নিয়োগ

পরীক্ষা অনুষ্ঠানের জন্য নির্ধারিত রয়েছে। শীঘ্রই নিয়োগ কার্যক্রম বিধি-বিধান মোতাবেক সম্পন্ন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরোও জানান যে, প্রকল্পের মেয়াদ ০২ বছর বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে।

**সিদ্ধান্তঃ**

ক) দ্রুত প্রকল্পের জরিপ কাজ শেষে করে মূলকার্যক্রম শুরু করতে হবে;

খ) প্রকল্পের জনবল নিয়োগের কাজ বিধিমোতাবেক দ্রুত সমাপ্ত করতে হবে।

২. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আইএলও কর্তৃক বাস্তবায়নাধীন Promoting Social Dialogue and Harmonious Industrial Relations the Bangladesh Ready-Made Garment Industry শীর্ষক প্রকল্পটি গত জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অনুকূলে ১৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৪৬৮.৮৮ লক্ষ টাকা অর্থছাড় ও ৪৬৮.৮৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ২৪.৬৭%। আলোচ্য প্রকল্পেটির আইবাস ++ সফটওয়্যারে তথ্য হালনাগাদ করা নেই। যা হালনাগাদ করা প্রয়োজন। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৭৯.৯%। প্রকল্পটির মেয়াদ জুন, ২০২০ এ সমাপ্ত হওয়ায় এবং পরবর্তীতে প্রকল্পের অনুকূলে অনুদান পাওয়ায় প্রকল্পটির মেয়াদ ১ বৎসর ০৬ মাস বৃদ্ধিসহ সংশোধনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশনে বিগত ০৯/১১/২০২১ তারিখে প্রকল্পটির এসপিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সুপারিশ অনুযায়ী পুনগর্ঠিত টিএপিপি অনতিবিলম্বে পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। প্রকল্পটির  মেয়াদ ১ বৎসর ০৬ মাস বৃদ্ধিসহ পুনগর্ঠিত টিএপিপি'র কাজ চলমান রয়েছে।

**সিদ্ধান্তঃ**

ক) প্রকল্পের পুনগর্ঠিত টিএপিপি'র কাজ দ্রুত সম্পন্ন করতে হবে;

খ) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে ।

৩. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আইএলও কর্তৃক বাস্তবায়নাধীন Improving Working Conditions in the Ready-Made Garment– RMGP-2 শীর্ষক প্রকল্পটি গত জুলাই, ২০১৭ হতে জুন, ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অনুকূলে ৩৮২৩.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১০০২.৩০ লক্ষ টাকা অর্থছাড় ও ১০০২.৩০ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ২৬.২১%। আলোচ্য প্রকল্পটির আইবাস ++ সফটওয়্যারে তথ্য হালনাগাদ করা নেই। যা হালনাগাদ করা প্রয়োজন। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৭২.২৫%।

**সিদ্ধান্তঃ**

ক) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।

খ) প্রকল্পটির তথ্য আইবাস ++ সফটওয়্যারে  হালনাগাদ করতে হবে।

৪. শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গত এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের ১২০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ৬০০.০০ লক্ষ টাকা অর্থছাড় হয়েছে কিন্তু কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৫%। প্রকল্পটির অর্থছাড় আইবাস ++ সফটওয়্যারে আপডেট রয়েছে কিন্তু এএমএস সফটওয়্যার আপডেট নেই। যা আপডেট করা প্রয়োজন। প্রকল্পটির মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০২১ সমাপ্ত হবে বিধায় প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থ (১ম+২য় কিস্তি) ৬.০০ কোটি টাকা ব্যয় করা জরুরী এবং অবশিষ্ট (৩য়+৪র্থ কিস্তি) বাবদ ৬.০০ কোটি টাকার প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। গত ২৩/১১/২০২১ তরিখে অনুষ্ঠিত প্রকল্পের পিএসসি সভায়ও প্রকল্পের আর্থিক অগ্রগতি না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। প্রকল্পের অঙ্গভিত্তিক অর্থের সংস্থান এবং এর বিপরীতে অর্থ ব্যয় করে নির্ধারিত সময়ে প্রকল্পের কাজ সম্পন্নের জন্য প্রকল্প পরিচালক-কে নির্দেশনা দেয়া হয়।

**সিদ্ধান্তঃ**

ক) প্রকল্পের ছাড়কৃত অর্থ দ্রুত ব্যয় এবং অবশিষ্ট অর্থের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
খ) প্রকল্পটির তথ্য দ্রুত এএমএস ডাটাবেজ এ হালনাগাদ করতে হবে।

৫. নারায়নগঞ্জ বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে শ্রমজীবী মহিলাদের জন্য বহুতল হোস্টেল ও ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পটি গত এপ্রিল, ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের ১৬৩৯.৩২ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ২০৭.৫০ লক্ষ টাকা অর্থছাড় হয়েছে কিন্তু কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৭%। প্রকল্পেটি তথ্য এএমএস এবং আইবাস ++ সফটওয়্যারে হালনাগাদ করা নেই। এএমএস ডাটাবেজ আপডেট করা প্রয়োজন। প্রকল্পটির মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০২১ মেয়াদে সমাপ্তির জন্য নির্ধারিত। প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে ৪.১৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। কিন্তু প্রকল্পের প্রাপ্য অর্থের পরিমান ১৬.৪৮ কোটি টাকা। ইতিমধ্যে পরিকল্পনা কমিশন অতিরিক্ত বরাদ্দ ১১.৪৮ টাকা প্রদান করেছে। তবে প্রকল্পের আওতায় বিশেষত চট্টগ্রামের কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল নির্মাণ কাজ নির্ধারিত সময়ে শেষ হবে না বিধায় গত ২৩/১১/২০২১ তারিখ প্রকল্পের ৭ম পিএসসি সভায় মেয়াদ ০৬ মাস বৃদ্ধির প্রস্তাব করা হয়। বাস্তব চাহিদার প্রেক্ষিতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০৬ মাস (জুন, ২০২২ পর্যন্ত) বৃদ্ধির প্রস্তাবের নির্দেশনা দেয়া হয়।

**সিদ্ধান্তঃ**

ক) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদবৃদ্ধির কার্যক্রম তরান্বিত করতে হবে;
খ) প্রকল্পটির তথ্য এএমএস এবং আইবাস ++ সফটওয়্যারে হালনাগাদ করতে হবে।

৬. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থবছরে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে যার বিপরীতে অক্টোবর, ২০২১ পর্যন্ত কোন অর্থছাড়/ব্যয় হয়নি। প্রকল্পটির অক্টোবর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা। প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৫%। আলোচ্য প্রকল্পেটি এএমএস এবং আইবাস ++ সফটওয়্যারে তথ্য হালনাগাদ করা নেই। যা হালনাগাদ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত:**

ক) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।
খ) প্রকল্পটির তথ্য এএমএস এবং আইবাস ++ সফটওয়্যারে হালনাগাদ করতে হবে।

৭. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পটি জুলাই, ২০১৯ হতে ডিসেম্বর, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে ২০২১-২২ অর্থবছরে ২৬৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে অক্টোবর, ২০২১ পর্যন্ত ১৩০৩.৭৪ লক্ষ টাকা অবমুক্ত ও ২৮৮.৫১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বরাদ্দের বিপরীতে প্রকল্পের আর্থিক অগ্রগতি ১১.০৬%। প্রকল্পটির অক্টোবর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৮৬৪.৪৪ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ৮.৭৫%। প্রকল্পেটি এএমএস সফটওয়্যার এবং আইবাস ++ সফটওয়্যারে তথ্য হালনাগাদ রয়েছে। প্রকল্পের আওতায় শ্রম অধিদপ্তরের ভূমিতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের জেলা উপ মহাপরিদর্শকের কার্যালয় স্থাপনের নিমিত্ত স্থান (০৫ টি) নির্বাচন সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক ইতোমধ্যে গত ২১/১১/২০২১ তারিখ নরসিংদী জেলায় অবস্থিত শ্রম কল্যাণ কেন্দ্র পরিদর্শন করা হয়। নরসিংদী জেলা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সভায় উপস্থাপন করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, অবশিষ্ট ০৪টি স্থান (সিরাজগঞ্জ, বগুড়া, রাজশাহী এবং চট্টগ্রাম) পরিদর্শন শেষে একত্রে সম্পূর্ণ প্রতিবেদন উপস্থাপন করা হবে। প্রকল্পটি বাস্তবায়ন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রস্তাবিত স্থানসমূহ পরিদর্শন করে যথাযথ তথ্য/উপাত্ত সংগ্রহ করে ভূমি অধিগ্রহণসহ সকল কাজ সম্পাদনের জন্য প্রকল্প পরিচালক-কে নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সমাপ্ত হবে বিধায় এর মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর বৃদ্ধির বিষয়ে মতামত প্রদানের জন্য প্রস্তাব আইএমইডিতে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্তঃ**

ক) প্রকল্প এলাকা পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে;

খ) প্রকল্পের ভূমি অধিগ্রহণ এবং অন্যান্য কার্যক্রম সঠিকভাবে দ্রুত সম্পন্ন করতে হবে।

৮. রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর কারেক্টিভ একশন প্লান (ক্যাপ) বাস্তবায়ন প্রকল্পটি জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৪১২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে অক্টোবর, ২০২১ পর্যন্ত ১০২.০০ লক্ষ টাকা অবমুক্ত এবং ৯০.৯৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ২২.০৮%। অক্টোবর, ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ১৭৫৭.৩ লক্ষ টাকা। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৫%। আলোচ্য প্রকল্পেটি এএমএস এবং আইবাস ++ সফটওয়্যারে তথ্য হালনাগাদ করা নেই। যা হালনাগাদ করা প্রয়োজন। প্রকল্পের আওতায় অব্যয়িত ২.০৮ কোটি টাকা সমর্পণ করা হয়। এ অর্থ অন্য প্রকল্পে উপযোজন করা যেতে পারে। প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্ত হবে বিধায় সভায় প্রকল্প পরিচালক-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

**সিদ্ধান্তঃ**

ক) প্রকল্পের আওতায় অব্যয়িত অর্থ অন্য প্রকল্পে উপযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রেরণ করতে হবে।

৯. নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা । ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৬৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে অক্টোবর, ২০২১ পর্যন্ত ৮২১.০০ লক্ষ টাকা অর্থছাড় ও ৫৭৩.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৩৪.৯৮%। ৩য় কিস্তি অর্থ ছাড়ের জন্য অর্থ বিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পটির অক্টোবর/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৮৩৯.৮২ লক্ষ টাকা। প্রকল্পের ভৌত অগ্রগতি ৫৬.০৮%। আলোচ্য প্রকল্পেটি এএমএস এবং আইবাস++ সফটওয়্যারে তথ্য হালনাগাদ করা নেই। যা হালনাগাদ করা প্রয়োজন। প্রকল্পটির অগ্রগতি সন্তোষজনক এবং নির্ধারিত সময়ে শেষ হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

**সিদ্ধান্তঃ**

ক) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে;

খ) প্রকল্পটির তথ্য এএমএস এবং আইবাস ++ সফটওয়্যারে হালনাগাদ করতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নে:** অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা, প্রকল্পপরিচালকবৃন্দ।

**০৪. প্রকল্পসমূহের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত:**

**(ক) আলোচনা:** প্রকল্পসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন (আইএমইডি-০৫) প্রতিমাসে ৩০ তারিখের মধ্যে অধিদপ্তর সমূহের পরিচালক (উন্নয়ন/পরিকল্পনা) কর্তৃক নির্ধারিত ছকে স্বাক্ষরিত কপি এবং ত্রৈমাসিক প্রতিবেদন (আইএমইডি-০৩) নির্ধারিত সময়ে পরিকল্পনা-৪ শাখায় প্রেরণ করতে হবে। উল্লেখ্য চলমান সকল প্রকল্প হতে (জুলাই-সেপ্টেম্বর) ত্রৈমাসিক প্রতিবেদন (আইএমইডি-০৩) পাওয়া গেলেও বাংলাদেশে ঝুকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্প হতে পাওয়া যায়নি। প্রকল্পের মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ের অগ্রগতি বাস্তবায়নের গরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বিধায় যথসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভায় সকল-কে নির্দেশনা প্রদান করা হয়।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. মাসিক অগ্রগতি প্রতিবেদন (আইএমইডি-০৫) প্রতিমাসে ৩০ তারিখের মধ্যে পরিচালক, উন্নয়ন/পরিকল্পনা/ ফোকাল পার্সন কর্তৃক নির্ধারিত ছকে স্বাক্ষরিত কপি প্রেরণ করতে হবে;

২. প্রকল্পের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (আইএমইডি-০৩ ) যথাসময়ে প্রেরণ করার বিষয়ে সচেষ্ট হতে হবে।

**০৫. প্রকল্পেসমূহের কমিটি গঠন ও অন্যান্য সকল সভা আয়োজন:**

**(ক) আলোচনা:** শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য গঠিত পিএসসি এবং পিআইসি সভা ডিপিপি/টিএপিপি'র শর্তমতে ০৩ মাস এর মধ্যে অন্তত ০১ বার আয়োজন করার জন্য সভাপতি মহোদয় সকল-কে অনুরোধ করেন। নতুন প্রকল্প উপস্থাপনের সময় বিধিমোতাবেক দ্বিস্তর বিশিষ্ট কমিটির প্রস্তাব রাখা প্রয়োজন।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. প্রকল্পসমূহের যথাযথ বাস্তবায়নের জন্য দ্বিস্তর বিশিষ্ট কমিটি গঠনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২. প্রকল্পের ডিপিপি/টিএপিপিতে কমিটিসমূহের সভা প্রতি ০৩ মাসে অন্তত ০১ বার আহ্বান করতে হবে।

**০৬. সমাপ্ত প্রকল্পের পিসিআর পর্যালোচনা:**

**(ক) আলোচনা:** প্রকল্প সমাপ্তিতে (পিসিআর) প্রদান একটি গুরুত্বপূর্ণ বিষয়। এটি প্রকল্পের প্রান্তীক মূল্যায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। লক্ষ করা যাচ্ছে যে, প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রদান করা হয় না। এটি প্রকল্প মনিটরিং এবং মূল্যায়নে জটিলতা সৃষ্টি করে। EIIS প্রকল্পটি আইএলও'র অর্থায়নে (ডিপিএ) মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগের তদারকিতে গত জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হলেও ২ বছর ০৬ মাস পর পিসিআর প্রদান করা হয়। শ্রম অধিদপ্তর কর্তৃক "শ্রম ভবন নির্মাণ" প্রকল্পের পিসিআর যথাবিধি প্রেরণ না করায় আইএমইডি'র চাহিদা অনুযায়ী অদ্যবধি সংশোধিত পিসিআর প্রেরণ করা হয়নি। শ্রম অধিদপ্তরের অন্য একটি প্রকল্প "শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ৬টি কার্যালয় পুনর্নির্মান ও আধুনিকায়ন" প্রকল্পটি জুন/২০২১ মাসে সমাপ্ত হলেও অদ্যবধি পিসিআর প্রদান করা হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. প্রকল্পসমূহের সর্বশেষ পিএসসি সভায় প্রকল্প পরিচালক পিসিআর প্রস্তুত সংক্রান্ত অগ্রগতি উপস্থাপন করবেন;

২. শ্রম অধিদপ্তর কর্তৃক "শ্রম ভবন নির্মাণ" ও "শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ৬টি কার্যালয় পুনর্নির্মান ও আধুনিকায়ন" প্রকল্পের পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে।

**০৭. প্রকল্প সংশোধন ও মেয়াদবৃদ্ধি এবং এএমএস সফটওয়ার আপডেটকরণ:**

**(ক) আলোচনা:** সকল প্রকল্পের প্রয়োজনীয় সংশোধন, মেয়াদবৃদ্ধি যথাসময়ে সম্পন্ন করার পাশাপাশি তা এএমএস সফটওয়ারে এন্ট্রির বিষয়ে সচিব মহোদয় সংশ্লিষ্ট সকল-কে নির্দেশনা প্রদান করেন। এএমএস সফটওয়ারে প্রকল্পের এন্ট্রি যথাযথভাবে না থাকার কারণে এডিপি/আরএডিপি প্রণয়নে এবং প্রকল্পের অনুকূলে অর্থবরাদ্দ প্রদানে জটিলতা সৃষ্টি হয়। এ বিষয়ে সকলকে সচেষ্ট হওয়ার জন্য সভায় আলোচনা করা হয়।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১ প্রকল্পসমূহের প্রয়োজনীয় সংশোধন/মেয়াদবৃদ্ধি যথাসময়ে করতে হবে;

২ অধিদপ্তরের পরিচালক, উন্নয়ন/পরিকল্পনা / ফোকাল পার্সন প্রকল্পসমূহের এএমএস ডাটাবেজ আপডেট নিশ্চিত করবেন;

৩ কার্যক্রম বিভাগের সাথে সমন্বয় করে এএমএস ডাটাবেজে এন্ট্রির বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**০৮. প্রকল্প পরিচালক/ ফোকাল পয়েন্টগণের ই-নথি ও দাপ্তরিক ই-মেইল ব্যবহারকরণ বিষয়ক অগ্রগতি:**

**(ক) আলোচনা:** গত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প পরিচালক/ ফোকাল পয়েন্টগণের ই-নথি ও দাপ্তরিক ই-মেইল ব্যবহারে দাপ্তরিক সুবিধাসমূহ সম্পর্কে উপসচিব (পরিকল্পনা) সভায় অবহিত করনে। সেপ্রেক্ষিতে প্রকল্প পরিচালক/ ফোকাল পয়েন্টগণের ই-নথি ও দাপ্তরিক ই-মেইল ব্যবহারের দিকনির্দেশনা প্রদান করা হয়। তবে কয়েকটি প্রকল্পের দাপ্তরিক ই-মেইল ও ই-নথি আইডি তৈরি করা হয়নি।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১ প্রকল্প পরিচালক/ ফোকাল পয়েন্টগণের দাপ্তরিক যোগাযোগের জন্য ই-নথি ও দাপ্তরিক ই-মেইল ব্যবহার করতে হবে;

২. বাংলাদেশে ঝুকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্পটির ই-নথি আইডি দ্রুত তৈরি করতে হবে।

**০৯. অননুমোদিত প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি:**

**(ক) আলোচনা:** সভায় জানানো হয় ২০২১-২২ অর্থ বছরে এডিপি তে সুপারিশকৃত অননুমোদিত নতুন ০৭ টি প্রকল্প রয়েছে। শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ০৩ টি প্রকল্পের ০২টির ডিপিপি পাওয়া গিয়েছে এবং ০১ টির ডিপিপি পাওয়া যায়নি। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ০৪ টি প্রস্তাবিত রয়েছে। ০১টির ডিপিপি পাওয়া গিয়েছে ৩টির ডিপিপি পাওয়া যায়নি। এ প্রকল্পগুলোর মধ্যে ০৪টি উচ্চ অগ্রাধিকার এবং ০৩ টি মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প। প্রকল্পসমূহ নিম্নরুপ:

১. শ্রম অধিদপ্তরের আওতাধীন টঙ্গী শ্রম কল্যাণ কেন্দ্রের পুননির্মাণ ও আধুনিকায়ন' প্রকল্প:

২. শ্রম অধিদপ্তরাধীন খুলনা ও বরিশালে ০২ (দুই) টি বহুতল আধুনিক শ্রম ভবন নির্মাণ প্রকল্প:

৩. বঙ্গবন্ধু জাতীয় শ্রম উন্নয়ন ইনস্টিটিউট প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।

৪. লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) শীর্ষক প্রকল্প :

৫. ঝুঁকিপূর্ণ কারখানার দুর্ঘটনা হ্রাসকরণ প্রকল্প:

৬. কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প:

৭. পেশাগত ব্যাধি প্রতিরোধ কর্মসূচি, চিকিৎসা ও ক্ষতিপূরণ শীর্ষক প্রকল্প:

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. অননুমোদিত প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়ন করে দ্রুত প্রেরণ করতে হবে।

**১০. নতুন প্রকল্প গ্রহণ, প্রকল্পের শিরোনাম, ডিপিপি প্রস্তুতির অগ্রগতি:**

**(ক) আলোচনা:** সভায় জানানো হয় নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এএমএস সফটওয়ারে যথাযথভাবে এন্ট্রি প্রদানপূর্বক এজেন্সি মাডারেটর হতে নতুন প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ের অপারেটর-কে যথাসময়ে প্রেরণ করতে হবে। নতুন প্রকল্পের ক্ষেত্রে শ্রুতিমধুর/নির্ভূল/সংক্ষিপ্ত ও অর্থবোধক নাম নির্বাচনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। নির্ভূল ডিপিপি/টিএপিপি প্রণয়নে প্রয়োজনে পরামর্শক নিয়োগ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১ নতুন প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে এএমএস ডাটাবেজে এজেন্সি মাডারেট হতে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২ নতুন প্রকল্প প্রস্তাবের ক্ষেত্রে শ্রুতিমধুর/নির্ভুল/সংক্ষিপ্ত/ অর্থবোধক শিরোনাম নির্বাচন করতে হবে;

**১১. প্রকল্পসমূহের আরএডিপি ২০২১-২২ প্রণয়ন বিষয়ক প্রস্তুতি:**

**(ক) আলোচনা:** ২০২১-২২ অর্থবছরের আরএডিপি প্রণয়নের ক্ষেত্রে আরএডিপি প্রস্তাব পাওয়ার পর চলমান সকল প্রকল্পসমূহের আরএডিপি সুষ্ঠুভাবে প্রণয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এবং আরএডিপি প্রণয়নের জন্য আইবাস++ এবং এএমএস ডাটাবেজে সঠিকভাবে এন্ট্রির বিষয়ে সভায় আলোকপাত করা হয়। সভায় প্রকল্পের অর্থ পূণঃউপযোজনের প্রয়োজনে অথবা অব্যয়িত অর্থ সারেন্ডার করার প্রয়োজনে জরুরীভিত্তিতে কোড ভিত্তিক আর্থিক প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে সকল প্রকল্প পরিচালক, ফোকাল পার্সন এবং অধিদপ্তর সমূহের পরিচালক (পরিকল্পনা/উন্নয়ন) সহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**(খ) সিদ্ধান্ত:**

১ আরএডিপি প্রণয়েনের জন্য প্রকল্পের অর্থ উপযোজন/পুণঃউপযোজনের প্রয়োজনে অথবা অব্যয়িত অর্থ সারেন্ডার করার প্রয়োজনে জরুরীভিত্তিতে কোড ভিত্তিক আর্থিক প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

২ আরএডিপি প্রণয়নের জন্য অধিদপ্তরের পরিচালক, উন্নয়ন/পরিকল্পনা এবং মন্ত্রণালয়ের প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ফোকাল পার্সন কর্তৃক আইবাস ++ ও এএমএস ডাটাবেজে এন্ট্রি করতে হবে।

**১২. পিপিপি এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের অগ্রগতি:**

**(ক) আলোচনা:** সভায় জানানো হয় যে, পিপিপি'র আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত প্রকল্প রয়েছে ০৩ টি। তারমধ্যে ০১ টি প্রকল্পের চুক্তি বাতিলের কার্যক্রম চলমান রয়েছে। নরসিংদির ঘোড়াশাল ও রায়পুরায় আরো ০২টি শ্রমকল্যাণ কেন্দ্র ও ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শ্রম অধিদপ্তরের পরিচালক, পরিকল্পনা কর্তৃক পিপিপি এর আওতায় প্রকল্পসমূহের বিস্তারিত অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১ Development of Occupational Diseases Hospital, Labor Welfare Center and Commercial Complex at Chasara প্রকল্পটির চুক্তি বাতিলের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;

২ ঘোড়াশাল, নরসিংদির ও চৌমুহনী, নোয়াখালীতে আরো ০২টি শ্রমকল্যাণ কেন্দ্র ও ২০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ প্রকল্পের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণপূর্বক পরবর্তি সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।

**১৩. মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ সংক্রান্ত হালনাগাদ তথ্য, শাখা সমূহের কর্মবন্টন, ই নথি, ইমেইল বিষয়ক তথ্য পর্যালোচনা:**

**(ক) আলোচনা:** মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার কর্মবন্টন অনুযায়ী পারস্পরিক দাপ্তরিক যোগাযোগ এবং নথিসমূহে সঠিকভাবে নথি নম্বর ব্যবহারের বিষয়ে সভায় আলোচনা করা হয়। ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) শীর্ষক প্রকল্প পরিচালক প্রকল্পের নথিসমূহে মন্ত্রণালয়ের পরিকল্পনা-০১ শাখার নথি নম্বর (৪০.০০.০০০০.২৬.১৪.) ব্যবহার করছেন, যা অনুচিত। উপসচিব পরিকল্পনা সভাকে জানান প্রকল্পের পত্রসমূহের দ্রুত নিষ্পত্তির স্বার্থে ও পরিকল্পনা শাখাসমূহের কজে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে সম্প্রতি পরিকল্পনা শাখাসমূহের কর্মবিভাজন করে অফিস আদেশ জারী করা হয়েছে **(পরিশিষ্ট খ )**

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১ দাপ্তরিক যোগাযোগের ক্ষেত্রে কর্মবন্টন অনুসারে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করতে হবে;

২ নথিসমূহে সঠিকভাবে নথি নম্বর ব্যবহার করতে হবে।

৩. সরকারী কাজে যোগাযোগের প্রয়োজনে দাপ্তরিক ই-মেইল ব্যবহার করতে হবে।

**১৪. প্রকল্পসমূহের যথাসময়ে অডিট সম্পন্নকরণ, অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য পর্যালোচনা:**

**(ক) আলোচনা:** প্রকল্পের অডিট সম্পন্ন করা ও আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অডিট আপত্তি এবং নিষ্পত্তির বিষয়ে এ মন্ত্রণালয়ে অডিট শাখায় যোগাযোগ অব্যহত রাখার বিষয়ে সভা আলোকপাত করা হয়। প্রয়োজনে দ্বিপাক্ষিক বা ত্রিপাক্ষিক সভা আয়োজন করে আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১ প্রকল্পের অডিট যথাসময়ে সম্পন্নকরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

২ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব মন্ত্রণালয়ের অডিট শাখায় প্রেরণ করতে হবে।

**১৫. ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও এসডিজি বাস্তবায়ন বিষয়ক অগ্রগতি:**

**(ক) আলোচনা:** ২০১৬ সালে মন্ত্রণালয় হতে ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০) বাস্তবায়নের জন্য একটি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। বর্তমানে এই কর্মপরিকল্পনা হালনাগাদ করা হয়েছে। সাথে সাথে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের নির্দেশনামতে ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০২১-২৫) বাস্তবায়নের জন্য সম্প্রতি মন্ত্রণালয় হতে একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনা বাস্তবায়নের মূল হাতিয়ার প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন। কর্মপরিকল্পনাটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটের এসডিজি কর্ণারে আপলোড করা হয়েছে। (লিংক- shorturl.at/epFY9 ) উক্ত কর্মপরিকল্পনাটি সংশোধন/পরিমার্জন বিষয়ে মতামত/পরামর্শ প্রদান করার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয় । সমাপ্ত প্রকল্পসমূহের মূল্যায়ন ও নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এ কর্মপরিকল্পনার বিষয়বস্তু

বিবেচনায় নেয়া প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. ৮ম পঞ্চবার্ষিকী বাস্তবায়নের জন্য খসড়া কর্মপরিকল্পনায় সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক যাচাই-বাছাই পূর্বক পরবর্তী সভায় মতামত প্রদান করবে;

২. এসডিজি এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের জন্য নতুন প্রকল্প গ্রহণ করতে হবে এবং

৩. সমাপ্ত প্রকল্পসমূহের মূল্যায়ন করতে হবে।

**১৬. প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন প্রেরণ:**

**(ক) আলোচনা:** প্রকল্প এলাকা পরিদর্শন প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে প্রকল্প এলাকা যথাযথভাবে পরিদর্শন করা হচ্ছে না এবং পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর-কে আরো সচেষ্ট হওয়ার জন্য সভায় আলোচনা করা হয়।

**(খ) সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. প্রকল্প এলাকা নিয়মিত পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে;

২. প্রকল্প এলাকায় পরিদর্শন বহি সংরক্ষণ করতে হবে।

**১৭. প্রকল্প সম্পর্কিত এপিএ ও শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ক অগ্রগতি পর্যালোচনা :**

**(ক) আলোচনা:** মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় প্রকল্প বাস্তবায়ন ও অর্থ বিষয়ক কয়েকটি গুরুত্বপূর্ণ লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। **( পরিশিষ্ট গ )** লক্ষসমূহের অর্জনের জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। এটি সামগ্রিকভাবে মন্ত্রণালয়ের অর্জনে প্রভাব বিস্তার করে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ২০২১-২২ এ প্রকল্প সংক্রান্ত ০৪টি বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ, নিয়মিত পিএসসি ও পিআইসি সভা আয়োজন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রকল্প সমাপ্তিতে যানবাহন, আসবাবপত্র ও অন্যান্য সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর। এ বিষয় গুলো বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন। ২০২১-২২ অর্থবছরে মোট ২০ টি পিএসসি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে ইতোমধ্যে ০৯ টি সভা অনুষ্ঠিত হয়েছে ।

**(খ) সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২২ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে;

২ .ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা শাখায় প্রেরণ করতে হবে।

**১৮. মধ্যমেয়াদী বাজেট (MTBF/MBF) পর্যালোচনা ও নতুন প্রকল্পে বাজেট বরাদ্দ বিষয়ে করণীয় নির্ধারণ:**

**(ক) আলোচনা:** মন্ত্রণালয়ের বার্ষিক বাজেট প্রণয়নের সাথে মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF/MBF) প্রণয়ন করা প্রয়োজন। MTBF যথাসময়ে প্রণয়ন করা না হলে অর্থবিভাগ হতে প্রয়োজন মত অর্থ বরাদ্দ পাওয়া যায় না। এছাড়া নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে MTBF এর তথ্যসমূহ সংযুক্ত করার বিধান রয়েছে। মন্ত্রণালয়ের বাজেট ও মধ্যমেয়াদী বাজেট প্রণয়নের জন্য বাজেট শাখা দায়িত্ব পালন করে। যথাযথভাবে MTBF প্রণয়ন প্রকল্পের যথাযথভাবে বাস্তবায়ন এবং চাহিদামত অর্থপ্রাপ্তি সহজ করে। বিধায় মধ্যমেয়াদী বাজেট প্রণয়নে প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত মন্ত্রণালয়ের বাজেট শাখায় প্রেরণ করা প্রয়োজন । এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় আলোচনা হয়।

**(খ) সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. মন্ত্রণালয়ের বাজেট শাখার সাথে সমন্বয় করে যথাযথভাবে মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MTBF) প্রণয়ন করতে হবে;

২. নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে MTBF/MBF এর সংশ্লিষ্ট সংযুক্ত করতে হবে।

১৯. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বেগম মন্নুজান সুফিয়ান
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১.২৪

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৬) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৭) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৯) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
১০) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১) অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৩) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
১৪) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, , বিজয় নগর, ঢাকা।
১৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৭) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
১৮) প্রকল্প পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, ঢাকা।
১৯) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২০) যুগ্ম মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
২১) প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২২) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২৩) প্রকল্প পরিচালক, নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি সংক্রান্ত প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২৪) প্রকল্প পরিচালক, রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২৫) জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), "ঝুকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)" প্রকল্প, মহাখালী, ঢাকা।

২৬) সিনিয়র সহকারী সচিব, আর্ন্তজাতিক সংস্থা শাখা-১, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

২৭) জনাব মোঃ আরেফিন তালুকদার, কর্ণেল (প্রকল্প পরিচালক), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।

২৮) জনাব মোঃ রাশীদুল আলম, লে. কর্ণেল (অব:), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।

২৯) Mr. Md. Saidul Islam, Sr. Program Officer, ILO , Dhaka.

৩০) Mr. Masumul Alam, Program Officer (OSH), ILO Head office , Dhaka.

৩১) Mr. Mansur Asad, PO , ILO Head office, Dhaka.

৩২) STA, EIPS Project , GIZ , Ghulshan 1 , Dhaka 1212.

৩৩) জনাব আফরোজা বেগম,, সিএএফও , সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৩৪) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৩৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

৩৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব